# কাজের নতুন শর্তাবলির জন্য কি আপনার SNAP সুবিধা বন্ধ হয়ে গেছে?

## আপনি কীভাবে এই সুবিধা পুনরায় পেতে পারেন সে উপায়গুলো নিচে দেওয়া হলো

ধাপ **1**

### আপনার সুবিধা পুনরায় চালু করতে নতুন করে SNAP আবেদনপত্র জমা দিন

**আপনি যদি একাধিক সদস্যের পরিবারের অংশ হয়ে থাকেন এবং এখনও SNAP সুবিধা পেয়ে থাকেন,** তাহলে আপনার পরিবারের সদস্য হিসেবে পুনরায় অন্তর্ভুক্ত হওয়ার জন্য একটি কেস পরিবর্তনের আবেদন (case change) জমা দিন।

যদি কাজের শর্তাবলি না মানার **উপযুক্ত কারণ আপনার কাছে থাকে,** অথবা আপনি যদি ইতোমধ্যেই তা মেনে চলেন, তাহলে সাক্ষাৎকারের সময় অবশ্যই এই বিষয়টি উল্লেখ করবেন এবং আপনার ACCESS HRA অ্যাপে প্রয়োজনীয় কাগজপত্র জমা দেবেন।

#### “উপযুক্ত কারণ” বলতে কী বোঝায়

উপযুক্ত কারণ মানে হলো আপনার কাছে একটি বৈধ কারণ থাকা, যার ফলে আপনি কাজের নতুন শর্তাবলি পূরণ করতে পারেননি।

**উদাহরণস্বরূপ:**

- হাসপাতালে ভর্তি বা চিকিৎসা-সংক্রান্ত জরুরি অবস্থা
- গুরুতর শারীরিক বা মানসিক স্বাস্থ্য সমস্যা
- হঠাৎ যাতায়াতের সমস্যা
- আবাসনের অনিশ্চয়তা বা গৃহহীনতা
- HRA প্রতিটি কেসের পরিস্থিতি অনুযায়ী আলাদা পর্যালোচনা করে বিবেচনা করবে এমন অন্যান্য পরিস্থিতি

**গুরুত্বপূর্ণ:** বন্ধ হয়ে যাওয়া কোনো কেসের বেলায় আপলোড করা কাগজপত্র HRA নিজে থেকেই পর্যালোচনা করবে, এমনটা ধরে নেবেন না। **আপনাকে অবশ্যই সরাসরি HRA-র সাথে যোগাযোগ করে আপনার বিষয়টি পর্যালোচনার জন্য অনুরোধ করতে হবে।**

NYC Office of Mass Engagement
NYC Mayor's Public Engagement Unit
NYC Human Resources Administration Department of Social Services

ধাপ 2

## প্রমাণপত্র জমা দেবেন কীভাবে

আপনাকে অবশ্যই এই দুটি উপায়ের যেকোনো একটি ব্যবহার করে স্ব-উদ্যোগে HRA-র সঙ্গে যোগাযোগ করতে হবে:

### টেলিফোনে

**718-SNAP-NOW**
(718-762-7669) নম্বরে ফোন করুন

আপনার কাগজপত্র পর্যালোচনা করার জন্য প্রতিনিধিকে আপনার স্থানীয় কেন্দ্রে যোগাযোগ করতে বলুন।

### সশরীর উপস্থিত হয়ে

আপনার প্রমাণপত্রের মুদ্রিত কপিগুলো সরাসরি একটি HRA সুযোগ-সুবিধা প্রদান কেন্দ্র (HRA Benefits Access Center)-এ নিয়ে যান।

**যদি আপনি যেকোনো তিন মাসের জন্য নিয়ম মেনে না চলেন, এবং/অথবা নিয়ম মেনে চলার প্রমাণ দেখাতে না পারেন,** তাহলে আপনার সুবিধাগুলো পুনরায় চালু করার জন্য আপনাকে অবশ্যই আবার আবেদন করতে হবে। আপনি আজ থেকেই শুরু করতে পারেন। তবে, একটানা 30 দিন নিয়ম মেনে চলার প্রমাণ না দেওয়া পর্যন্ত আপনি কোনো সুবিধা পাওয়ার যোগ্য হবেন না।

## এরপর কী হবে?

1. **আপনি পুনরায় আবেদন করার পরে:** একনাগাড়ে 30 দিন কাজের শর্তাবলি মেনে চলুন।
2. আপনার অংশগ্রহণের প্রমাণপত্র সংরক্ষণ করুন।
3. 30 দিন পার হওয়ার পরে HRA-র সঙ্গে যোগাযোগ করুন ও আপনার কেসের প্রক্রিয়া শুরু করার জন্য অনুরোধ করুন।

## কোনও সাহায্য দরকার?

ACCESS HRA ওয়েবসাইটটিতে প্রবেশ-বিষয়ে কোনও প্রশ্ন আছে অথবা সাহায্য দরকার?

**718-SNAP-NOW**
718-762-7669 নম্বরে ফোন করুন

**সময় নষ্ট করবেন না। আপনার সুবিধাগুলো রক্ষা করতে আজই পদক্ষেপ নিন।**

NYC Office of Mass Engagement · NYC Mayor's Public Engagement Unit · NYC Human Resources Administration, Department of Social Services